গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৭.১৯-৪২

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬ ব.
১৯ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১২৮৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১২৮৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১২৮৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১১২৮৪/২০১৯ | জনাব মো: রফিকুল ইসলাম, অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল এণ্ড বি.এম কলেজ, উপজেলা- সদর, জেলা-নীলফামারী। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন। | নীলফামারী জেলার সদর উপজেলাধীন নীলফামারী টেকনিক্যাল এন্ড বি.এম কলেজের অধ্যক্ষ জনাব মো: রফিকুল ইসলাম কর্তক জাল কাগজ তৈরির মাধ্যমে জনাব সচিন্দ্র নাথ রায়, প্রভাষক (হিসাব বিজ্ঞান- ২য় পদ) এর নিয়োগ ও এমপিও ভুক্তিতে সহায়তা করায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ২৮.১.৫ ধারা মোতাবেক জনাব সচিন্দ্র নাথ রায়, প্রভাষক (হিসাব রক্ষণ- ২য় পদ) (ইনডেক্স নং-১৭২০৭০১৪) এর এমপিও বাতিল এবং জালিয়াতিতে সহায়তা করায় প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: রফিকুল ইসলাম এর এমপিও স্থগিত করে ডিটিই হতে ১৭/১২/২০১৮ তারিখে ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৭.১১৮১ সংখ্যক স্মারকে (Annexure-G মূলে) অফিস আদেশ জারি করা হয়।<br>উক্ত স্মারকের সিদ্ধান্তের বিরুদ্ধে এবং বকেয়াসহ নিয়মিত এমপিও প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: রফিকুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৮৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৫/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার এর এমপিও স্থগিত করে ডিটিই হতে জারীকৃত ১৭/১২/২০১৮ তারিখের ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৭.১১৮১ সংখ্যক স্মারকের (Annexure-G মূলে) কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারের সকল বকেয়াসহ নিয়মিত এমপিও প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ২৩/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ডিটিই হতে জারীকৃত স্মারকের বিরুদ্ধে উক্ত রিট মামলায় উদ্ভব হয়েছে বিধায় আলোচ্য মামলার বিষয়ে ডিটিই কর্তৃক সরকার পক্ষে জবাব দাখিলসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২২৮৪/২০১৯ মামালায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৫/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ০৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০২/১২/২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।